

একমেবাদ্বিতীয়

১ সখা

১ ডায় ১৭৬৫ পক.

তত্ত্ববোধিনী পত্রিকা

কোন নূতন পত্র প্রকাশ হইলে সেই পত্র প্রকাশের তাৎপর্য অবগত হইতে অনেকে অভিলষ্য করেন, অতএব তত্ত্ববোধিনী সভার ব্যাঙ্কেরা যে অভিপ্রায়ে এতৎ পত্রিকার সৃষ্টি করিলেন তাহার খুল হস্তান্ত্র এখানে স্বাতি সংক্ষেপে ব্যক্ত করা যাইতেছে।

তত্ত্ববোধিনী সভার অনেক সভ্য পরস্পর দূর দূর স্বামী প্রযুক্ত সভার সমুদয় উপস্থিত কার্য সর্বদা জ্ঞাত হইতে পারেন না, অতরাং তত্ত্বজ্ঞানের অনুশীলনা এবং উন্নতি কিপ্রকার হইবেক? অতএব তাহারদিগের এসকল বিষয়ের অবগতি জন্য এই পত্রিকাতে সভার প্রচলিত কার্য বিবরণ বিবরণ প্রচার হইবেক।

অনেক সভ্য দূরদেশ বসতঃ বা শরীর গত অক্ষমতা হেতু বা কোন কার্য ক্রমে অথবা অন্য কোন দৈব বিপাকে তত্ত্বসমাজে উপস্থিত হইতে অসক্ত হইলে বিশেষতঃ তাহারদিগের নিমিত্তে উক্ত সমাজের ব্যাখ্যান সময়ে সময়ে এই পত্রিকাতে প্রকটিত হইবেক। মহাজ্ঞা ত্রীযুক্ত রাধা রামমোহন ঠায় কর্তৃক তত্ত্বজ্ঞান বিষয়ে যে সকল গ্রন্থ প্রস্তুত হইয়াছিল তাহা এইক্ষণে সাধারণের অপ্রাপ্ত হইয়াছে এবং অনেকে তাহার মর্ম জানিতে বাসনা করেন, অতএব সেই সকল গ্রন্থ এবং অন্য যে কোন গ্রন্থ বাহাতে তত্ত্বজ্ঞানের প্রসঙ্গ আছে তাহা এই পত্রিকাতে উদ্ধৃত হইবেক। পরস্পরের উপাসনার

প্রকার এবং তাহার স্বরূপ লক্ষণ আপনাতঃ এবং সর্কোপাসনা হইতে পরস্পরের উপাসনা সর্কোপাসনা হইয়াছে ইহা জানাইবার নিমিত্তে আহারদিগের শাস্ত্রের সার মর্ম সংগৃহীত হইবেক। বিচিত্র শক্তির মহিমা আপনাতঃ সৃষ্ট বস্তুর বর্ণনা এবং অনন্ত বিশ্বের আশ্চর্য্য বৌশল প্রকাশিত হইবেক।

কুর্ত্ব হইতে নিবৃত্ত হইবার চেষ্ঠা না থাকিলে তত্ত্বজ্ঞানে প্রকৃতি হয় না, অতএব বাহাতে লোকের কুর্ত্ব হইতে নিবৃত্তি থাকিবার চেষ্ঠা হয় এবং মন পরিশুদ্ধ হয় এমত সকল উপদেশ প্রদত্ত হইবেক।

বৈদ্যিক সখ্য পত্রে পরমার্থ সৃষ্টি রচনা প্রকাশের প্রথা না থাকিতে অনেক জ্ঞানি ব্যক্তি আপনাদিগের অভিলষিত রচনা প্রকাশ করিতে অসক্ত ছিলেন, অতএব এই পত্রিকা প্রকাশ হইয়া তাহারদিগের সে বিমতা এইক্ষণে নিবৃত্ত হইল, এবং সর্কসাধারণ সমীপে মনোরম জ্ঞান আলোকের প্রকাশ হইবার বিলক্ষণ উপায় হইল।

এই অমূল্য পত্রিকা তাহার চিরজীবন এক বৎসর কাল পর্যন্ত প্রতি মাসের প্রথম দিবসে উদিত হইয়া তত্ত্ববোধিনী সভার সভ্যদিগের এবং তাহারদিগের বন্ধুগণের মনোরঞ্জন করিবেন। যদি তাহারদিগের স্নেহের দ্বারা এই পত্রিকার পরমায়ু বৃদ্ধি হয় তবে তৎ কালে ইহার সমাচার দেওয়া যাইবেক।